


চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩৪ তারিখঃ ৫ আগস্ট ২০১৭ শনিবার

সর্বশেষ পরিস্থিতি

Chikungunya Laboratory Positive Case
Distribution In DCC Area



- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ৫ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩১৩৭ টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,৫১১ জন। সম্ভাব্য নতুন রোগী ১০৮৭ জন ও পুরোনো রোগী ১৪২৪ জন। অবশিষ্ট ৬২৬ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন। উল্লেখ্য, এ সংখ্যাটি সারা দেশে চিকুনগুনিয়া আক্রান্ত রোগীদের মোট সংখ্যা নয়। চিকুনগুনিয়া রোগের বিস্তার ও প্রবণতা (বাড়ছে/কমছে) বোঝার জন্য গৃহীত নজরদারি কার্যক্রমের অংশ হিসেবে হটলাইনের তথ্য বিশ্লেষণ করে এ ফলাফল পাওয়া যাচ্ছে।

মোবাইল ফোন ভিত্তিক চিকুনগুনিয়া রোগের

নজরদারীতে প্রাপ্ত তথ্যের অধিকতর শুদ্ধতা যাচাই

গতকালের মত আজ-ও আইইডিসিআর-এ সম্ভাব্য চিকুনগুনিয়া রোগীদের সাক্ষাৎকার নেয়া হয় ও পরীক্ষার জন্য রক্তের নমুনা সংগ্রহ করা হয়। মোবাইল ফোন ভিত্তিক রোগ জরীপ কার্যক্রমে সংগৃহীত তথ্য থেকে যাদেরকে সম্ভাব্য চিকুনগুনিয়া রোগী হিসেবে সনাক্ত করা হয়েছে, তাদেরকে এ সাক্ষাৎকার ও রক্ত পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হয়। রক্ত পরীক্ষার ফলাফল রোগীদের অবহিত করা হয়।

আইইডিসিআর কর্তৃক চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে যে সব পূর্ব প্রস্তুতি ছিল

- সেপ্টেম্বর ২০১৬ -তে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় চিকিৎসকদের সাথে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার অবস্থা জানানো এবং এ ব্যাপারে সচেতন করার জন্য সভা করা হয়।
- অক্টোবর ২০১৬ -তে বিভিন্ন গণ-মাধ্যমকে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার অবস্থা সম্পর্কে অবহিত করা হয়।
- ডিসেম্বর ২০১৬ -তে ঢাকা মহানগরীর কাঁঠালবাগান এলাকায় চিকুনগুনিয়ার হঠাৎ প্রাদুর্ভাব সনাক্ত করা হয়। সেখানে প্রাদুর্ভাবের পূর্ণ তদন্ত করা হয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা ও সিটি কর্পোরেশনের সহায়তায় প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা হয়। এ ব্যাপারে একটি তদন্ত প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষকে প্রদান করা হয়।
- জুন ২০১৬ হতে ফেব্রুয়ারী ২০১৭ পর্যন্ত ঢাকা মহানগর ও অন্যান্য জেলা সদর হাসপাতালের ৩৭০০ জন চিকিৎসকদের নিয়মিত প্রশিক্ষণের অংশ হিসাবে নব-উদ্ভূত (ইমার্জিং) রোগের উপর প্রশিক্ষণ দেয়া হয় যাতে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ অন্তর্ভুক্ত ছিল।
- আইইডিসিআর কর্তৃক বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সিডিস, আটলান্টা-এর সহযোগিতায় RT-PCR পদ্ধতিতে চিকুনগুনিয়া রোগ সনাক্তকরণ।
- আইইডিসিআরে সম্ভাব্য চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগে আক্রান্ত রোগীদের নিকট থেকে নিয়মিত রক্তের নমুনা সংগ্রহ করা হয় এবং সেগুলো পরীক্ষা করে ফলাফল যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হয়।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন